“সাধারণ কোনো ভালো কাজকে তুচ্ছ করে দেখো না। তোমার ভাইয়ের সাথে হাসিমুখে সাক্ষাতের মতো (দেখতে সাধারণ কোনো) বিষয়ই হোক না কেনো।”

আবূ যার রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম আমাকে বলেছেন: “সাধারণ কোনো ভালো কাজকে তুচ্ছ করে দেখো না। তোমার ভাইয়ের সাথে হাসিমুখে সাক্ষাতের মতো (দেখতে সাধারণ কোনো) বিষয়ই হোক না কেনো।” [সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সৎকাজ করতে এ হাদীসে উৎসাহ প্রদান করেছেন। সাধারণ কোনো ভালো কাজকে তুচ্ছ করে দেখা উচিত নয়; তা যতোই ছোট হোক না কেন। এসব সৎকাজের মধ্যে রয়েছে কারো সাথে সাক্ষাতে হাসিমুখে তার সামনে নিজের চেহারা প্রকাশ করা। অতএব একজন মুসলিমের উচিত এ ধরনের ছোট-খাটো সৎকাজের ব্যাপারে যত্নশীল হওয়া; কেননা এতে রয়েছ একজন মুসলিম ভাইয়ের সাথে সাক্ষাতে তার প্রতি ঘনিষ্ঠতা প্রকাশ এবং তার সাথে সাক্ষাতে আনন্দের বহি:প্রকাশ।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5348